

সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৮২৪

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ হাদীসের শব্দ "তোমরা দু'আ করো" এর দ্বারা উদ্দেশ্য হলো তোমরা সালাত আদায় করো, যেমনটা আমরা উল্লেখ করলাম

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ هَذِهِ اللَّفْظَةَ (فَادْعُوا) أَرَادَ بِهِ فَصِلُّوا عَلَى حَسَبَ مَا ذَكَرْنَاهُ

আরবী

2824 _ أَخْبَرَنَا أَبُو يَعْلَى قَالَ: حَدَّثَنَا أَبُو خَيْثُمَةَ قَالَ: حَدَّثَنَا إِسْمَاعِيلُ بْنُ إِبْرَاهِيمَ عَنْ يُونُسَ بْنِ عُبَيْدٍ عَنِ الْحَسَنِ عَنْ أبي بكرة قَالَ: كُنَّا عِنْدَ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَكَسَفَتِ الشَّمْسُ فَقَامَ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَجْلَانًا إِلَى الْمَسْجِدِ فَجَرَ إِزَارَهُ لَ أَوْ تَوْبَهُ وَقَابَ إِلَيْهِ نَاسٌ فَصَلَّى بهِمْ رَكْعَتَيْنِ نَحْوَ مَا تُصَلُّونَ ثُمَّ جُلِّي عَنْهَا فَأَقْبَلَ رَسُولُ اللَّهِ صَلَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَتَّابَ إِلَيْهِ النَّاسُ فَقَالَ: (إِنَّ الشَّمْسَ وَالْقَمَرَ آيَتَانِ مِنْ آيَاتِ اللَّهِ مَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَثَابَ إِلَيْهِ النَّاسُ فَقَالَ: (إِنَّ الشَّمْسَ وَالْقَمَرَ آيَتَانِ مِنْ آيَاتِ اللَّهِ يَخُوفُ بِهِمَا عِبَادَهُ وَإِنَّهُمَا لَا يَنْكَسِفَانِ لِمَوْتِ أَحَدٍ مِنَ النَّاسِ وَكَانَ ابْنُهُ تُوفِي لَ فَإِذَا رَأَيْتُمْ مِنْهَا شَيْئًا فَصَلُوا حتى يُكْشَفَ مَا بكم)

الراوي : أَبُو بَكْرَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2824 | خلاصة حكم المحدث: صحيح ـ ((جزء صلاة الكسوف)): خ

قَالَ أَبُو حَاتِمٍ ـ رَضِيَ اللَّهُ عَنْهُ ـ: قَوْلُ أَبِي بَكْرَةَ: (فَصلَّى بِهِمْ رَكْعَتَيْنِ نَحْوَ مَا تُصلُّونَ) أَرَادَ بِهِ تُصلُّونَ صلَاةَ الْكُسُوفِ رَكْعَتَيْنِ فِي أَرْبَعِ رَكَعَاتٍ وَأَرْبَعِ سَجَدَاتٍ عَلَى حَسَبِ مَا تَقَدَّمَ ذِكْرُنَا لَهُ.

বাংলা

২৮২৪. আবূ বাকরাহ রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "আমরা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের কাছে ছিলাম। এমন সময় সূর্য গ্রহণ লাগে। তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তরাপ্রবণ



হয়ে মাসজিদে যাওয়ার উদ্দেশ্যে উঠে দাঁড়ান। তিনি নিজের লুঙ্গি –অথবা তার জামা- টানতে ছিলেন। লোকজনও তাঁর কাছে দ্রুত চলে আসেন। অতঃপর দুই রাকা'আত সালাত আদায় করেন, যেভাবে তোমরা সালাত আদায় করে থাকো। তারপর সূর্য গ্রহণ কেটে যায়। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম লোকদের মুখোমুখি হন আর লোকজনও তাঁর কাছে দ্রুত চলে আসেন। অতঃপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, "নিশ্চয়ই সূর্য ও চন্দ্র আল্লাহর নিদর্শনসমূহের মধ্যে দুটি নিদর্শন। আল্লাহ তা'আলা এই দুটির মাধ্যমে তাঁর বান্দাদের ভয় দেখান। এদুটি কারা মৃত্যুবরণ করার কারণে গ্রহণ লাগে না। (এদিন তাঁর ছেলে মারা গিয়েছিলেন।) কাজেই যখন তোমরা এরকম কিছু দেখবে, তখন তোমরা তোমাদের কাছে যা আরোপিত হয়েছে, তা উন্মোচিত না হওয়া পর্যন্ত সালাত আদায় করবে।"[1]

আবৃ হাতিম ইবনু হিবান রহিমাহল্লাহ বলেন, "আবৃ বাকরাহ রাদ্বিয়াল্লাহু আনহুর বক্তব্য "অতঃপর দুই রাকা'আত সালাত আদায় করেন, যেভাবে তোমরা সালাত আদায় করে থাকো" এর দ্বারা উদ্দেশ্য হলো তোমরা যেমন চার রুকু' ও চার সাজদার মাধ্যমে সূর্য গ্রহণের দুই রাকা'আত সালাত আদায় করে থাকো, যেমনটা আমরা পূর্বে আলোচনা করেছি।"

ফুটনোট

[1] মুয়াতা ইমাম মালিক: ১/১৮৬-১৮৭; মুসনাদ আহমাদ: ১/১৯৮; সহীহুল বুখারী: ১০৫২; সহীহ মুসলিম: ৯০৭; নাসাঈ: ৩/১৪৬-১৪৮; বাগাবী: ১১৪০; আবূ দাউদ: ১১৮৯; দারেমী: ১/৩৬০।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ১০৭৫)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবূ বাকরা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন